Rec BEPZA8

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
বাড়ি নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.bepza.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং০৩.০৬.২৬১৬.৩০৭.১১.০৬৯.২১.৮৯০

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯
০৭ আগস্ট ২০২২

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের রাজস্বখাতে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীর শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১ | সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-০৯) ২২,০০০-৫৩,০৬০/- | ৫ | ন্যূনতম স্নাতক সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী অনার্স ডিগ্রী। | - |
| ২ | সহকারী পরিচালক (বিউ/ইএস/শি:স:/ক:অ:) (গ্রেড-০৯) ২২,০০০-৫৩,০৬০/- | ১৩ | ন্যূনতম ২য় শ্রেণীর এমবিএ অথবা অর্থনীতি, লোকপ্রশাসন, ব্যবস্থাপনা, বিজ্ঞানে স্নাতক সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। অথবা সংশ্লিষ্ট বিষয়সমূহে ৪ বছর মেয়াদী অনার্স ডিগ্রী। বিবিএ এমবিএ ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | - |
| ৩ | সহকারী পরিচালক (হিসাব/নিরীক্ষা) (গ্রেড-০৯) ২২,০০০-৫৩,০৬০/- | ১ | বাণিজ্য বিভাগে ন্যূনতম স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। অথবা বাণিজ্য বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি অনার্স ডিগ্রী। | - |
| ৪ | নিরাপত্তা কর্মকর্তা (গ্রেড-০৯) ২২,০০০-৫৩,০৬০/- | ৩ | স্নাতক ডিগ্রীসহ সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত ওয়ারেন্ট অফিসার/সিনিয়র ওয়ারেন্ট অফিসার বা সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তা। | - |
| ৫ | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী নিরীক্ষা কর্মকর্তা (গ্রেড-১০) ১৬,০০০ -৩৮,৬৪০/- | ৯ | বাণিজ্য বিভাগে ন্যূনতম স্নাতকে ২য় শ্রেণী। হিসাবরক্ষক/ক্যাশিয়ার পদে নূন্যতম ০৩ বছরের অভিজ্ঞতা। | - |
| ৬ | জুনিয়র অডিও ভিজ্যুয়াল অফিসার (গ্রেড-১০) ১৬,০০০-৩৮,৬৪০/- | ১ | ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ ডিজিটাল, স্টিল ফটোগ্রাফী ও ভিডিওগ্রাফী, ফটোশপ বিষয়ে গণমাধ্যম উপযোগী কোর্সসহ ইলেকট্রনিক মিডিয়ায় সংবাদ প্রেরণ উপযোগী রেকর্ডিং ও ভিডিও ধারণ বিষয়ে ৩ বছরের চাকরীর অভিজ্ঞতা। | - |
| ৭ | নিরাপত্তা পরিদর্শক (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/- | ৫ | এইচএসসি পাসসহ সশস্ত্র বাহিনীর কর্পোরাল অথবা সমমর্যাদা সম্পন্ন পদে অবসরপ্রাপ্ত ব্যক্তি। | - |
| ৮ | ক্যাশিয়ার (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/- | ১ | বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতা। | - |
| ৯ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/- | ১৫ | এইচএসসি পাশ এবং বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ এবং ৩০ শব্দের গতি। | টাঙ্গাইল, নরসিংদী, শরীয়তপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, খাগড়াছড়ি, ফেনী, পাবনা সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, দিনাজপুর, পিরোজপুর, বরিশাল, বরগুনা, ভোলা, পটুয়াখালী, যশোর, নড়াইল, সাতক্ষীরা, বাগেরহাট, ময়মনসিংহ এবং শেরপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ১০ | সার্ভিস বয় (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | ২ | ৮ম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে ০১ বছরের অভিজ্ঞতা। | পটুয়াখালী, চট্টগ্রাম, ফেনী, রাঙ্গামাটি, বাগেরহাট, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও |

Kawsar

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| | | | | জয়পুরহাট জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ১১ | সহকারী বাবুর্চী (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | ২ | ৮ম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে ০১ বছরের অভিজ্ঞতা। | চাঁদপুর, কুমিল্লা, লক্ষ্মীপুর, ঝালকাঠি, ও নরসিংদী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ১২ | ডিসপাচ রাইডার (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | ৮ | এসএসসি পাশসহ মোটর সাইকেল চালানোর দক্ষতা। | ঢাকা, রাজবাড়ি, যশোর, ঝিনাইদহ, নড়াইল, রংপুর ও ময়মনসিংহ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ১৩ | প্লাম্বার সহকারী (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | ৩ | ৮ম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ বছরের অভিজ্ঞতা। | বাগেরহাট, বরিশাল, জামালপুর, যশোর, কুড়িগ্রাম, ময়মনসিংহ নীলফামারী, পটুয়াখালী, শেরপুর, সিরাজগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |

**শর্তাবলী:**

১) সকল পদে এতিম ও শারীরিক প্রতিবন্ধি কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন;

২) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে;

৩) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণপূর্বক দরখাস্ত করতে হবে। মৌখিক পরীক্ষার বোর্ডে কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;

৪) ক্রমিক ১ থেকে ৬ এ বর্ণিত পদে শিক্ষাগত যোগ্যতার কোন স্তরে তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য হবে না;

৫) ০১ জুলাই ২০২২ তারিখে ক্রমিক নং ৪ এর নিরাপত্তা কর্মকর্তা পদের প্রার্থীদের বয়সসীমা ৪৫ বছর এবং ক্রমিক ৭ এর নিরাপত্তা পরিদর্শক পদের প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪২ বছর। অন্যান্য সকল পদে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১ জুলাই ২০২২ তারিখে বয়স ১৮-৩০ বছর হতে হবে। শারীরিক প্রতিবন্ধি কোটা ও মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়স ৩২ বছর তবে মুক্তিযোদ্ধার পুত্র বা কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৬) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে;

৭) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে, সে ক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

৮) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৯) সশস্ত্র/অন্যান্য বাহিনীর প্রার্থীর বেলায় মৌখিক পরীক্ষার সময় অবসরের সনদ/খালাসী বই সংযুক্ত করতে হবে;

১০) কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন;

১১) প্রয়োজনে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bepza.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

ক) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৮/০৮/২০২২ সকাল ১০:০০ টা। Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১/০৮/২০২২ বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর ছবি দৈর্ঘ্য এবং প্রস্থ ৩০০X৩০০ (Pixel) এবং স্বাক্ষর দৈর্ঘ্য এবং প্রস্থ ৩০০X৮০ (Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online এ পূরণকৃত আবেদনপত্রে একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Applicaton form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application Copy পাবেন। উক্ত Application Copy প্রার্থী Download পূর্বক রঙ্গীন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID থাকবে এবং উক্ত User ID ব্যবহার করে প্রার্থী যে কোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ক্রমিক ০১-০৬ পর্যন্ত পদের বিপরীতে ৫০০/- (পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬০ (ষাট) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬০ (পাঁচশত ষাট) টাকা ক্রমিক ৭-৮ পর্যন্ত পদের বিপরীতে ৪০০/- (চারশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৪৮ (আটচল্লিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৪৪৮/- (চারশত আটচল্লিশ) টাকা এবং ক্রমিক ৯-১৩ পর্যন্ত ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৬ (ছত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৩৩৬ (তিনশত ছত্রিশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে পরিশোধ

Kawsar

করবেন। **বিশেষভাবে উল্লেখ্য যে,** Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: BEPZA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BEPZA ABCDEF
*Reply: Applicant's name, Tk. ..... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type BEPZA<space>Yes<space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: *BEPZA<space>Yes<space>PIN* লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BEPZA YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BEPZA Application for post. User ID is (ABCDEF) and Password (*********).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bepza.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **BEPZA**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222.
Example: **BEPZA Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে: **BEPZA**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example: **BEPZA Help PIN 12345678**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বেপজা'র ওয়েবসাইট www.bepza.gov.bd/career এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bepza.gov.bd/career ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা recruitment@bepza.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়াও, টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BEPZA, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

09/8/2022
নির্বাহী পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
Kawsar